

## প্রেস বিজ্ঞপ্তি

৩১ অক্টোবর, ২০২৩

### বাউবির ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

## দক্ষ জনশক্তি সৃজনে জীবনব্যাপী শিক্ষার ব্রত নিয়ে এগিয়ে চলেছে বাউবি

-উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা এবং উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সমাজের সকল শ্রেণী পেশার মানুষকে উন্মুক্ত ও দূর শিক্ষণ পদ্ধতিতে শিক্ষার সুযোগ সৃষ্টি করে দক্ষ জনশক্তি সৃজনে কাজ করে যাচ্ছে বাউবি। বঙ্গবন্ধুর সার্বজনীন শিক্ষানীতির আলোকে বাউবি সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষার ব্রত নিয়ে কাজ করে এগিয়ে চলেছে। দেশের গণ্ডি পেরিয়ে সৌদিআরব, কুয়েত, কাতার, ইতালি ও দক্ষিণ কোরিয়ায় প্রবাসী বাঙালি ও রেমিটেন্স যোদ্ধাদের জন্য বাউবির স্টাডি সেন্টার খোলা হয়েছে। ভবিষ্যতে ইউরোপ আমেরিকার অন্যান্য দেশেও বাউবির শিক্ষা প্রোগ্রাম চালু করা হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে আয়োজিত অনুষ্ঠানে ৩১ অক্টোবর ২০২৩ মঙ্গলবার বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন ও বিশ্বের বুকে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। মাননীয় প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্বে দেশ এগিয়ে চলেছে এবং উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। একের পর এক মেগা প্রকল্প সমূহ বাস্তবায়িত হচ্ছে যার প্রকৃষ্ট উদাহরণ দক্ষিণ এশিয়ার দীর্ঘতম সুড়ঙ্গ পথ বঙ্গবন্ধু ট্যানেলের বাস্তবায়ন। দেশের শিক্ষা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহবান জানান উপাচার্য।

বাউবির দীর্ঘ এ পথচলায় সাবেক উপাচার্য, প্রো-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ যাঁদের শ্রম, ঘাম আর চিন্তার প্রতিফলন আজকের বাউবি তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন তিনি।



উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার উৎসবমুখর পরিবেশে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বাউবি ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে কেক কাটেন। এর আগে উপাচার্যের নেতৃত্বে বাউবির 'স্বাধীনতা চিরন্তন' স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সকল শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং শান্তির প্রতীক সাদা পায়রা নীল আকাশে অবমুক্ত করা হয়।

এই সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: আব্দুস সাত্তার ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমানসহ ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ, ডিরেক্টরস কাউন্সিল ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ উপস্থিত ছিলেন। বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে একইরূপ কর্মসূচী পালন করা হয়।

বাউবি

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)